**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**
**ইরেসপো-২য় পর্যায়**
**পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫**

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩.৮৪৮ তারিখ: ১৯ জুন ২০২৩

বিষয়: প্রাথমিক সমিতির ম্যানেজার কমিশন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)- ২য় পর্যায়" প্রকল্পের অনুমোদিত বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৫.১০ এর নির্দেশনা অনুযায়ী বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যের বিভাজনে ১/১৬ অংশ (৮% সেবামূল্যের ০.৫০% হারে) সমিতির ম্যানেজারদের কমিশন হিসেবে প্রদানের নির্দেশনা রয়েছে। তদুপরি ম্যানেজার কমিশন প্রদানের ক্ষেত্রে মাঠ পর্যায়ে জটিলতা নিরসনকল্পে বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৫.১০ এর শর্তসমূহের বিষয়ে নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো:

১. কোন সদস্যের ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপী হলে অথবা ঋণ পরিশোধের মেয়াদ শেষ হওয়ার পর পরিশোধ হলে অথবা কিস্তিতে ৫০% এর কম আদায় হলে উক্ত সদস্যের বিপরীতে ম্যানেজার কমিশন প্রদানযোগ্য হবে না। উক্ত ম্যানেজার কমিশনের অংশ কর্মসূচি'র পরিচালন ব্যয় খাতে সংরক্ষিত হবে।
২. কোন সদস্যের ঋণ সেবামূল্যসহ শতভাগ আদায় হলেই উক্ত সদস্যের বিপরীতে ম্যানেজার কমিশন প্রদান করতে হবে।
৩. কোন সমিতির ম্যানেজারকে বিক্ষিপ্তভাবে বছরে একাধিকবার ম্যানেজার কমিশন প্রদান করা যাবে না। প্রত্যেক অর্থবছরে প্রাপ্য ম্যানেজার কমিশন হিসাব করে নির্ধারিত ফরমে আবেদনের ভিত্তিতে বছরে একবারে পরিশোধ করতে হবে। ম্যানেজার কমিশনের অর্থ কোন অবস্থাতেই নগদে প্রদান করা যাবে না। ম্যানেজার কমিশনের অর্থ অবশ্যই ম্যানেজারদের ব্যাংক হিসাবে স্থানান্তরের মাধ্যমে অথবা একাউন্টপেয়ী চেকের মাধ্যমে পরিশোধযোগ্য হবে।
৪. কোন সমিতিতে মোট বিতরণকৃত ঋণের ২০% এর অধিক মেয়াদোত্তীর্ণ হলে উক্ত সমিতির কোন সদস্যের বিপরীতে ম্যানেজার কমিশন প্রদানযোগ্য হবে না।
৫. ম্যানেজার কমিশন প্রদানের ক্ষেত্রে ইরেসপো- ২য় পর্যায় প্রকল্পের সেবামূল্যের বিভাজন কার্যকরের তারিখ অর্থাৎ ১ ডিসেম্বর ২০২১ খ্রি. হতে কার্যকর হবে।

এমতাবস্থায়, উপরোক্ত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে ম্যানেজার কমিশন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উপরোক্ত নির্দেশনার কোনরুপ ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৯/০৬/২০২৩
মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন : ৪১০১০৩৪১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (প্রকল্প/কর্মসূচিভুক্ত)
বিআরডিবি
উপজেলা: .........., জেলা: .........।

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: .............. (প্রকল্প/কর্মসূচিভুক্ত)।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: ........., জেলা: ...............।
৫. পরিচালক (পরিকল্পনা) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।

## ম্যানেজার কমিশন প্রাপ্তির আবেদন ফরম

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলা :................................, জেলা:........................ ।

বিষয়: ম্যানেজার কমিশন প্রাপ্তির আবেদন।
মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায়ভুক্ত ................................................. পল্লী উন্নয়ন মহিলা সমিতি/দলের ম্যানেজার। আমার সমিতি/দল হতে বিগত ১২ মাসে ................................ জন সদস্য ...................................................... লক্ষ টাকা ঋণ গ্রহণ করে এবং গত ...............................তারিখ পর্যন্ত ............. জন সদস্য ৫০% বা ততোধিক ঋণ কিস্তিতে পরিশোধসহ মেয়াদোত্তীর্ণ না করে যথাসময়ে সেবামূল্যসহ সমুদয় ঋণ পরিশোধ সম্পন্ন করে। আমি প্রকল্পের বিধি মোতাবেক ম্যানেজার কমিশন বাবদ................................... (কথায়:.........................................................................) টাকা প্রাপ্য হয়েছি।
অতএব আমাকে উল্লিখিত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্য হতে প্রাপ্য ম্যানেজার কমিশনের নির্ধারিত অংশ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নিবেদক-

(স্বাক্ষর)-------------------------
ম্যানেজার
....................................................................পল্লী উন্নয়ন মহিলা সমিতি/দল।

### অফিস কর্তৃক পূরণীয়

.................................................................পল্লী উন্নয়ন মহিলা সমিতি/দল হতে বিগত১২ মাসে .......... জন সদস্য ................................ লক্ষ টাকা ঋণ গ্রহণ করে এবং গত ...............................তারিখ পর্যন্ত .......... জন সদস্য ৫০% বা ততোধিক ঋণ কিস্তিতে পরিশোধসহ মেয়াদোত্তীর্ণ না করে যথাসময়ে সেবামূল্যসহ সমুদয় ঋণ পরিশোধ সম্পন্ন করেছে। উল্লিখিত সদস্যদের মধ্যে কোন মৃত/এলাকাত্যাগী/নিখোঁজ নেই বা এ জাতীয় সদস্যের বিপরীতে কু-ঋণ তহবিল হতে .......... টাকা সমন্বয় করা হয়েছে/কোন টাকা সমন্বয় করা হয়নি। যথাসময়ে যথানিয়মে সেবামূল্যসহ পরিশোধিত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্য হতে বিধি মোতাবেক সমিতি/দলের ম্যানেজারের কমিশন বাবদ................................ (কথায়:.......................................) টাকা প্রাপ্য হয়েছেন।
কমিশন বাবদ প্রাপ্য টাকা হিসাব নিম্নরূপ:
নির্ধারিত সময়ের মধ্যে যথানিয়মে আসল ঋণের সাথে মোট সেবামূল্য পরিশোধ........................................টাকা।
ম্যানেজার কমিশন বাবদ প্রদানযোগ্য= (মোট সেবামূল্য পরিশোধ ÷ ৮) X ০.৫০ = ..................................টাকা।
অতএব ম্যানেজার কমিশন বাবদ .......................................টাকা প্রদান করা যেতে পারে।

| | | |
|---|---|---|
| মাঠসংগঠক | হিসাব সহকারী | সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| (নামযুক্ত সিলসহ স্বাক্ষর) | (নামযুক্ত সিলসহ স্বাক্ষর) | (নামযুক্ত সিলসহ স্বাক্ষর) |

ঋণ পরিশোধ সংক্রান্ত তথ্যাদি, হিসাব ও লেজার যথাযথভাবে যাচাইপূর্বক নিশ্চিত হয়ে ম্যানেজার কমিশন বাবদ ...................................................... (কথায় :..............................................................) টাকা প্রদানের অনুমোদন দেওয়া হলো।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
(নামযুক্ত সিলসহ স্বাক্ষর)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

## দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায়

উপজেলা: ----------------------, জেলা: ----------------------

### ম্যানেজার কমিশন প্রদান রেজিস্টার

(টাকায়)

| ক্র:নং | ম্যানেজারের নাম | সমিতি/সদস্যের নাম | সমিতি/সদস্যে ঋণ বিতরণ | | ঋণ পরিশোধের নির্ধারিত তারিখ | পরিশোধের নির্ধারিত তারিখ পর্যন্ত মোট আদায় | | প্রদত্ত কমিশনের পরিমান | গ্রহীতার স্বাক্ষর | প্রতিস্বাক্ষর | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | তারিখ | পরিমান | | আসল | সেবামূল্য | | | এআরডিও | ইউআরডিও |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ২ | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | |

হিসাব সহকারী

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা